



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০১ জুন ২০১৮খ্রি.

## ডিওএইচএস জামে মসজিদে সিটি মেয়রের জুম্মার নামাজ আদায় শেষে মসজিদের ২য় তলার নির্মাণ কাজ সংক্রান্ত মতবিনিময়

নগরীর সেনানিবাস এলাকায় ডিওএইচএস আবাসিক এলাকায় প্রতিষ্ঠিত ডিওএইচএস জামে মসজিদে ০১ জুন ২০১৮ খ্রি. শুক্রবার, জুম্মার নামাজ আদায় করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। জুম্মা শেষে মুসল্লিদের সাথে মতবিনিময় করেন তিনি। এসময় মসজিদ কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক লে. কর্ণেল সরোয়ার শহিদ, কর্ণেল অব.আবুল কাশেম ও আশরাফুল ইসলাম জামে মসজিদ নির্মাণ প্রসঙ্গে নানা তথ্যাদি মেয়র বরাবরে তুলে ধরেন। তারা বলেন, আবাসিকে বসবাসকারীদের জমানো ৭৫ লক্ষ টাকায় অত্র মসজিদের ৪ তলা ফাউন্ডেশন দেয়া হয়। পরে চট্টগ্রামের জিওসি সেনাবাহিনীর অর্থায়নে ১ তলা নির্মাণ করে দেন। বর্তমানে ২য় তলা নির্মাণের জন্য অর্থ সংগ্রহের কাজ চলছে। ইতোমধ্যে প্রায় ২৩ লক্ষ টাকা সংগ্রহ করা হয়েছে। তারা ২য় তলা নির্মাণে মেয়রের সহযোগিতা প্রত্যাশা করেন। মেয়র ডিওএইচএস জামে মসজিদের ২য় তলা নির্মাণে সহযোগিতার আশ্বাস দেন। মতবিনিময়ে মেয়র মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ নিরসনে মুসল্লিদের সহযোগিতা প্রত্যাশা করেন ।

### সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন